BBS The offcial Newsletter of Bangladesh Bible Society

NEWS LETTER

God's Word: Living Hope for All

BANGLADESH BIBLE SOCIETY
বাংলাদেশ বাইবেল সোসাইটি

বর্ষঃ ২৪ সংখ্যা # ৮৯ জানুয়ারি, ২০১৮ খ্রীঃ

সকলকে নববর্ষের শুভেচ্ছা! বিগত বছরটির জন্য আমরা পিতা ঈশ্বরকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। কারণ তাঁর অপার অনুগ্রহে বিভিন্ন ভাল-মন্দের মধ্যেও বাংলাদেশ বাইবেল সোসাইটির কর্মকান্ডের অগ্রগতি চলমান রয়েছে। সাথে সাথে কৃতজ্ঞতা জানাই যে এর পিছনে রয়েছে আপনাদের নিয়মিত প্রার্থনার সহভাগিতা।

আমরা খুশী যে, আমাদের যে লক্ষ্য ছিল সেই লক্ষ্যে আমরা কাজ করে যেতে পেরেছি ও নতুন বছরটিও নতুন উদ্যমে শুরু করেছি। যতটা সম্ভব সকলের কাছে আমাদের ক্যালেন্ডার, ডায়রী প্লানার, প্রোগ্রাম ক্যালেন্ডার, মান্না ইত্যাদি পৌঁছে দিতে পেরে আমরা খুবই খুশী। আশা করি আপনারা প্রত্যেকেই নিজেদের জন্য একটি কপি সংগ্রহ করেছেন। এ প্রসঙ্গে বিশেষ ভাবে কৃতজ্ঞতা জানাতে চাই যারা তাদের মূলবান সময় এবং মেধা দিয়ে 'মান্না' প্রকাশনাতে সহযোগিতা করেছেন।

আমরা প্রত্যেকেই ত্রানকর্তা প্রভু যীশু খ্রীষ্টের নামে বছরটি শুরু করেছি। আমাদের সকল কার্যক্রমকে প্রভুর হাতে রেখেছি এবং বিশ্বাস করি শুধু তাঁরই গৌরব ও রাজ্য বৃদ্ধিতে আমরা সকলে মিলে প্রভুর বাক্যকে সর্বত্র ছড়িয়ে দিতে পারবো। এ কাজে আপনাদের সকলের প্রার্থনা, সহযোগিতা, সাহায্য আমাদের একান্ত কাম্য। আমার বিশ্বাস আমাদের এই বিশ্বাসের যাত্রায় সকল খ্রীষ্ট ভক্ত ও সকল চার্চ, খ্রীষ্টিয় সংগঠন ও সংস্থা সমূহ এর ভালবাসা ও সহযোগিতার হাত আমরা লাভ করব।
"আর আপন আপন মনের ভাবে যেন ক্রমশঃ নবীনীকৃত হও, এবং সেই নূতন মনুষ্যকে পরিধান কর, যাহা সত্যের ধার্মিকতায় ও সাধুতায় ঈশ্বরের সাদৃশ্যে সৃষ্ট হইয়াছে। - ইফিষীয় ৪:২৩,২৪ পদ

তাই আসুন, ইফিষীয় মণ্ডলীর প্রতি উল্লিখিত আহ্বানে আমরাও একতীভূত হই; নবীনীকৃত করি নিজেদেরকে, পারস্পরিক সম্পর্ককে, আত্মিক সম্পর্ককে। গড়ে তুলি নবীনীকৃত জীবন, মণ্ডলী এবং জয় করি নতুন নতুন জীবন। নতুন বছরে ঈশ্বর আপনাদের প্রত্যেকের মঙ্গল করুন।

প্রাক-বড়দিন উদযাপন

বিগত ১৬ ডিসেম্বর, ২০১৭ খ্রীঃ বাংলাদেশ বাইবেল সোসাইটির প্রাক্-বড়দিন অনুষ্ঠান পালিত হয়। সভাপতি বিশপ ফিলিপ পি. অধিকারী উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। জিবিসি এর জিএস রেভাঃ লিটন ম্রং বড়দিনের বার্তা পরিবেশন করেন। উক্ত অনুষ্ঠানে এনসিএফবি এর জিএস, সেন্ট থোমাস চার্চের পুরোহিতসহ বিবিএস এর সহ-সভাপতি, কোষাধ্যক্ষ্য ও বোর্ড সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সান্তাক্লুস এর শুভেচ্ছা, শিশুদের খেলাধুলা ও পিঠা পর্বের মাধ্যমে ষ্টাফ পরিবারবর্গ নিয়ে প্রাক-বড়দিন উৎসব প্রাণবন্ত হয়ে উঠে।

বিপণন বিভাগের কার্যক্রম:

বাইবেল স্টল কার্যক্রম ও শাস্ত্রাংশ বিতরণ

বিশেষ কার্যক্রম "বাইবেল স্টল" এর মধ্য দিয়ে বিশ্বাসীরা প্রয়োজনীয় বাইবেল ও অন্যান্য ধর্মীয় বই সংগ্রহ করতে পারেন। ঢাকার রাজেন্দ্রপুরে এনসিএফবি এর পালক সম্মেলন এবং সিডিসি এর ছাত্রছাত্রীদের পূনঃর্মিলনী, মিরপুরে বিবিসিএস ইয়ূথ সম্মেলন, মগবাজারে এনসিসিবি এর বার্ষিক সাধারণ সভায় বাইবেল স্টল দেওয়া সম্ভব হয়েছে।

ঈশ্বরের বাক্য বিশেষ বিশেষ উৎসবে সর্ব সাধারনের কাছে পৌঁছে দেওয়া হয় যেন সকল মানুষ তাঁর ভালবাসা ও সংকল্প জানতে পারেন। এই কার্যক্রমে ১লা ডিসেম্বর বিশ্ব এইড্ দিবস, ১৬ ডিসেম্বর বিজয় দিবস এবং শুভ বড়দিন উপলক্ষে বিভিন্ন চার্চের সহযোগিতায় পবিত্র শাস্ত্রাংশ বিতরণ করা হয়।

মোবাইল ট্যুর

মোবাইল ট্যুর এর মাধ্যমে বড়দিনের আগেই যতটা সম্ভব জেলা ভিত্তিক চট্রগ্রাম, খুলনা, রাজশাহী ও ময়মনসিংহ সহ বিভিন্ন এলাকাসমূহের মণ্ডলী, সংগঠন ও ব্যক্তির নিকট আমাদের সমস্ত প্রোডাক্ট বিপণন করা হয়। উল্লেখিত স্থানের সকল চার্চ ও প্রতিষ্ঠান সমূহকে ধন্যবাদ জানাই যারা পবিত্র বাইবেল, কিতাবুল মোকাদ্দস, তৌরাত, জবুর, নবীদের জীবনী, নতুন নিয়ম, ধর্মীয় গানের সিডি, গানবই, ছোট ছেলেমেয়েদের রং করা বই, কমিকস এর বই, মেন ওমেন সিরিজের বই, বাইবেলের চরিত্র, ২০১৮ সালের ক্যালেন্ডার, প্রোগ্রাম ক্যালেন্ডার, ডায়েরী প্ল্যানার ডেস্ক ক্যালেন্ডার, প্রতিদিনের মান্না প্রভৃতি সংগ্রহ করার মাধ্যমে বিপণনে বিশেষ সহযোগিতা করেছেন আমরা সকলের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। সেই সঙ্গে আগামী বছরেও আমরা সকলের নিকট সাহায্য ও সহযোগিতা কামনা করি।

অনুবাদ বিভাগের কার্যক্রম:

বিবিএস এর গারো বাইবেল অনুবাদে পুরাতন নিয়মের পুস্তকগুলোর উপর রিভিশনের কাজ করা হচ্ছে এবং প্যারাটেক্সট এ টেক্সটি বিশুদ্ধকরণের জন্য কাজ করা হচ্ছে। নতুন নিয়মের মথি থেকে প্যারালাল প্যাসেজ চেকিং এর কাজ করা হয়েছে। সান্তালী বাইবেল অনুবাদে পুরাতন নিয়ম হগয়, সখরিয় ও মালাখি পুস্তকের প্রাথমিক অনুবাদের কাজ শেষ হয়েছে এবং সেই সাথে রিভিউ কাজের জন্যও প্রস্তুত করা হচ্ছে। চাকমা বাইবেল অনুবাদে পুরাতন নিয়মের দানিয়েল, হোশেয়, যোয়েল ও আমোষ পুস্তকের রিভিউ কাজ শেষ হয়েছে। তাছাড়া নতুন নিয়মের পুরো পুস্তকগুলো রিভিউ কাজ শেষ হয়েছে। মারমা বাইবেল অনুবাদে নতুন নিয়মের রোমীয় পুস্তক পর্যন্ত প্রাথমিক অনুবাদের কাজ শেষ হয়েছে এবং সেই সাথে যোহন পুস্তকের ১২ অধ্যায় পর্যন্ত রিভিউয় কাজ করা হয়েছে। কে, এম স্টাডি বাইবেলে শুধুমাত্র মুসলমানি শব্দগুলো ট্রান্সফার করার কাজ প্রেরিত পুস্তক পর্যন্ত হয়েছে। তাছাড়া Diglot Bible এর পুরো কাজ সুন্দরভাবে শেষ হয়েছে। অধ্যয়নমূলক পুস্তক 'মান্না' তৃতীয় খণ্ড বইটি প্রকাশনা করা হয়েছে এবং 'মান্না' চতুর্থ খণ্ডের কাজও সুন্দরভাবে চলছে।

মিডিয়া বিভাগের কার্যক্রমঃ

লিটারেসী ফলোআপ সেমিনার

বিগত ১২-১৩ নভেম্বর ময়মনসিংহের হালুয়াঘাটে লিটারেসী ফলোআপ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে লিটারেসী প্রোগ্রামের সাহায্যকর্মীগণ ও ফিল্ড সুপারভাইজার উপস্থিত ছিলেন। সেমিনারে কর্মীগণ তাদের কার্যক্রমের প্রতিবেদন তুলে ধরেন ।

লিটারেসী প্রোগ্রামের ৪টি অঞ্চলের ২৫টি দলের ২য় বর্ষের কোর্স সমাপ্ত করেছে ৪৯৫ জন। সমাপ্তকারী সকলে সার্টিফিকেট ও পবিত্র বাইবেল গ্রহণ করেন।

“শোনার মাধ্যমে বিশ্বাস আসে” প্রোগ্রাম

জানুয়ারি থেকে ডিসেম্বর মাস পর্যন্ত মোট ৬৯৫টি মণ্ডলীতে এফসিবিএইচ প্রোগ্রামের মাধ্যমে দেশের ৪টি অঞ্চলে ৬৯৫টি প্রোক্লেইমার বিতরণ করা হয়। এর ফলে গ্রামের বয়স্ক ব্যক্তিগণ ঈশ্বরের বাক্য জানার সুযোগ লাভ করেন।

বাইবেল দিবস

ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাতে চাই যে, বাংলাদেশ বাইবেল সোসাইটির আহ্বানে দেশের অনেক চার্চ অন্যান্য বছরের মতো ২০১৭ খ্রীষ্টাব্দের নভেম্বর ১০ থেকে ডিসেম্বর ১০ তারিখ এই একমাসের মধ্যে ‘বাইবেল দিবস’ পালন করেছেন এবং এই দিবসের একটি দান সোসাইটিতে প্রেরণ করেছেন। এ সময় দিবসটির তাৎপর্য ও সোসাইটির বিভিন্ন কার্যক্রম উল্লেখ সহ বিবিএস এর জন্য বিশেষ প্রার্থনা উৎসর্গ করা হয়। বিগত বছর আনুমানিক ভাবে ঢাকাতে ২৮টি ও ঢাকার বাইরে ২২০টি চার্চে এই দিবস পালিত হয়। এছাড়াও দিবসটি পালনের জন্য সোসাইটির কর্মীবৃন্দকে আপনাদের চার্চে সহভাগিতা করারও সুযোগ দিয়েছেন যা তাদেরকে উৎসাহিত করেছে। আমাদের প্রত্যাশা, ভবিষ্যতে ঢাকা এবং ঢাকার বাইরে এই দিবস পালনে আরো অধিক চার্চে সহভাগ করার সুযোগ সোসাইটি গ্রহন করতে পারবে। একই সাথে সোসাইটির সাথে বিভিন্ন চার্চের সম্পর্ক আরো সুন্দর ও সমৃদ্ধশালী হবে। আপনাদের চার্চের সাথে সোসাইটির এই সম্পর্ক আরও সুন্দর হবে।

শুভেচ্ছা বিনিময়

বাংলাদেশ বাইবেল সোসাইটির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক (সম্মানী) মি. মিলন পাটোয়ারীর নেতৃত্বে বিবিএস এর কর্মীবৃন্দ প্রতিবেশী প্রতিষ্ঠান জাতীয় চার্চ পরিষদ, বাংলাদেশ-এ সাধারণ সম্পাদক রেভাঃ ডেভিড এ. দাস ও তাঁর সহকর্মীদের বড়দিন ও নববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন করেন। এ সময়ে তিনি জিএস রেভাঃ দাসকে এবং সভাপতি মি: জয়ন্ত অধিকারীর উদ্দেশ্যে শুভেচ্ছা উপহার ও পরে সকলে মিলে বড়দিনের কেক তুলে দেয়া হয়। এক অফুরন্ত আনন্দঘন মুহূর্তে রেভাঃ ডেভিড দাস বিবিএস এর এই সুন্দর উদ্যোগের জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। অর্থ উপকমিটির সদস্য মিঃ মার্টিন এস. বিশ্বাসও এ আনন্দের সহভাগি ছিলেন।

রেভাঃ দাস আরও উল্লেখ করেন যে, এর আগে কখনও বিবিএস এর সাথে এ ধরনের শুভেচ্ছা বিনিময়ের সুযোগ করা হয়ে উঠেনি। তিনি বাংলাদেশ বাইবেল সোসাইটির জন্য প্রার্থনা ও তাঁর সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। মি: মিলন পাটোয়ারী তাকে ধন্যবাদ জানান এবং প্রার্থনার মাধ্যমে শুভেচ্ছা বিনিময় সমাপ্ত হয়।

বাইবেল দিবস ২০১৭

বাইবেল দিবস পালন করেছেন যে সকল মণ্ডলী তাদের তালিকা সমূহ ঃ

বালাহৈর, নিয়ামতপুর,নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
মহাপাড়া, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
ষষ্টিপাড়া, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
রামাপাড়া, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
কড়কড়িয়া, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
বড়গ্রাম, পোরসা, নওগাঁ (বাংলাদেশ
লুথারেন চার্চ)
বাঐচন্ডি, হাজীনগর, নওগা
(বাংলাদেশ লুথারেন চার্চ)
ডাঙ্গাপাড়া, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
কালবাড়ী, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
ভাবিচা, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
করবলা, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
গৈল, রামকুরা, নওগাঁ (বাংলাদেশ
লুথারেন চার্চ)
চার্চ অব বাংলাদেশ নিমঘটু
দামকুড়াহাট গোদাগাড়ী রাজশাহী ।
চার্চ অব বাংলাদেশ কোট মিশন

ক্যাম্পাস রাজশাহী
উজলকোঠা, নিয়ামতপুর নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
পুড়াইল, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
করকরিয়া, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
ভাবিচা, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
নেহালন্দা, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
আমন্তপুর, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
দামানপুরা, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
টিকরামপুর, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
উজলকোঠা নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
ঈাড়াইল, নিয়ামতপুর, নওগাঁ
(বাংলাদেশ লুথারেন চার্চ)
ইউ.পি.সি, দিনাজপুর
এন.ই.সি.বি, দিনাজপুর
বি.বি.সি.এস, দিনাজপুর
বি.বি.সি.এস, বেগুনবাড়ী, দিনাজপুর
বি.বি.সি.এস, বোচা পুকুর, দিনাজপুর
বি.বি.সি.এস, চাউলিয়া, দিনাজপুর

এস.সি.সি, বড়কালা, দিনাজপুর
আর.পি.বি, জয়পুরহাট, দিনাজপুর
এফ.বি.সি, জয়পুরহাট, দিনাজপুর
আর.সি.সি, ভাবকি, দিনাজপুর
বি.এস.ই.এল.সি, দিনাজপুর
এন.সি, জয়নন্দহাট, দিনাজপুর
আর.পি.সি, জয়নন্দহাট, দিনাজপুর
টি.কে.সি, জযনন্দহাট, দিনাজপুর
জি.পি.বি.সি, জয়নন্দহাট, দিনাজপুর
ব্যাপ্টিস মিশন, বেতগ্রাম, গোপালগঞ্জ
ক্যাথলিক মিশন, গোপালগঞ্জ
চার্চ অব বাংলাদেশ, বাকার, বরিশাল
এম.সি, কান্দি, গোপালগঞ্জ
এম.সি. ফেনা বাড়ি, বরিশাল
এম.সি. রঘুনাথপুর, গোপালগঞ্জ
এম.সি. পিত্তলপাড়া, গোপালগঞ্জ
এজি. চার্চ, উনশিয়া, গোপালগঞ্জ
ব্যাপ্টিস মিশন, রামশীল, গোপালগঞ্জ
এজি. চার্চ, রামশীল, গোপালগঞ্জ
ব্যাপ্টিস মিশন, মুসুরিয়া, গোপালগঞ্জ
এজি. চার্চ, লোটানা, গোপালগঞ্জ
সি.ও.বি, বরুয়াবাড়ি, গোপালগঞ্জ
এস.ডি.এ চার্চ, গোপালগঞ্জ
আর.সি.সি, নারিকেলবাড়ি
পি.বি.সি, মান্দ্রা, গোপালগঞ্জ
এস.ডি.এ চার্চ, শুয়াগ্রাম, গোপালগঞ্জ
বি.বি.সি.আর, মান্দ্রা, গোপালগঞ্জ

ব্যাপ্টিস মিশন, কলিগ্রাম, গোপালগঞ্জ
খ্রীষ্টিয়ান মেমোরীয়াল চার্চ, মালুঘাট

প্রার্থনা

নতুন বছরে বিবিএস এর সকল
কার্যক্রমের জন্য প্রার্থনা করুন।

বিবিএস এর নতুন নেতৃত্বের জন্য প্রার্থনা করুন।

বিবিএস এর পরিচালনা বোর্ডের জন্য প্রার্থনা করুন।

বিবিএস এর একজন নতুন অনুবাদ অফিসার
প্রয়োজন, প্রার্থনা করুন।

ধন্যবাদ

সোসাইটির কার্যক্রম সুন্দরভাবে
চলছে তার জন্য ধন্যবাদ দিন।

দৃষ্টি আকর্ষণ

বাইবেল সোসাইটির টেলিফোন নম্বরে পরিবর্তন ঃ

পুরাতন	নতুন
৯৩৩২৭২৬	৯৩৩২৭২৬
৮৩১৪৪৫৯	৪৮৩১৪৪৫৯

বিগত মাসে যারা বাইবেল সোসাইটিতে দান করেছেন।

এ্যান্ডমেন্ট ফান্ড -
তৃষা হালদার
গ্রেস এম. দেওয়ান
করিয়ান চার্চ ঢাকা
প্রোফেঃ দীপিকা দেওয়ান
মিলন পাটওয়ারী

অনুদান -
ফিলিপ জে. দেউড়ী
রুবেন গাইন
শশী দাস

আপনি কি সোসাইটির সম্মানিত সদস্য/সদস্যা ? আপনার সদস্য/সদস্যা ফি কি বকেয়া আছে ? তাহলে আজই আপনার বকেয়া ফি পরিশোধ করুন এবং সোসাইটির কাজে সহযোগিতা করুন।

bbs@biblesocietybd.org
390, New Eskaton Road, Dhaka-1000
02-9332726, 48314459